

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা - ৬ (প্রশিক্ষণ)
১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.lrb.gov.bd

স্মারক নং-৩১.০২.০০০০.০১৬.০৯.০০৭.১৬.২০৫

তারিখ: ২৫ আষাঢ় ১৪২৩
০৯ জুলাই ২০১৭

বিষয় : ই-নামজারী ব্যবস্থাপনা সিস্টেম বাস্তবায়নের ব্যয় নির্বাহের জন্য অর্থ ছাড়করণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ই-নামজারী ব্যবস্থাপনা সিস্টেম বাস্তবায়নের ব্যয় নির্বাহের জন্য ইতোপূর্বে মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম হতে সাকুল্যে ৫৪,৭২,২০০/- (চুয়ান্ন লক্ষ বাহাত্তর হাজার দুইশত) টাকা পাওয়া গিয়েছে। এটুআই এর প্রস্তাব মতে ৬টি ব্যাচে ৫৫টি উপজেলার প্রশিক্ষকদের প্রশিক্ষণ ভূমি সংস্কার বোর্ডে সম্পন্ন করা হয়েছে। উল্লেখ্য যে, তালিকাভুক্ত ৪৩টি উপজেলাকে প্রশিক্ষণ দেয়ার প্রস্তাবনা থাকলেও চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড মহোদয়ের নির্দেশমতে আরো ১২টি উপজেলাসহ মোট ৫৫টি উপজেলার সহকারী (ভূমি) ও অন্যান্যদের ৬টি ব্যাচে প্রশিক্ষকদের প্রশিক্ষণ প্রদান করা হয়। পরবর্তীতে এটুআই কর্তৃক প্রেরিত তালিকা মোতাবেক ৪৩টি উপজেলার ভূমি ব্যবস্থাপনা সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদেরকে ব্যবহারকারীদের প্রশিক্ষণ বাবদ ৩৪টি ব্যাচে ৩৪টি চেক প্রদান করা হয় এবং ১২টি উপজেলার ৩টি উপজেলাসহ লালবাগ সার্কেলকে অন্তর্ভুক্ত করে ৩টি ব্যাচে ৩টি চেক প্রদান করা হয়। ব্যবহারকারীদের প্রশিক্ষণের কোন টাকা অবশিষ্ট না থাকায় বাকী ৯টি উপজেলাকে অর্থ বরাদ্দ প্রদান করা সম্ভব হয়নি।


এমতাবস্থায়, ৯টি উপজেলার ব্যবহারকারীদের প্রশিক্ষণ প্রদানের জন্যে অর্থ বরাদ্দ এবং ০৪/০৭/২০১৭ তারিখে প্রাপ্ত এটুআই কর্তৃক প্রেরিত আরো ৫০টি উপজেলার প্রশিক্ষকদের প্রশিক্ষণ ও ব্যবহারকারীদের প্রশিক্ষণের প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রয়োজন। উল্লেখ্য, পূর্বে প্রশিক্ষণের জন্যে বিভিন্ন খাতে যে বরাদ্দ প্রদান করা হয়েছে তা অপ্রতুল। বিশেষ করে প্রশিক্ষকদের সম্মানী ও প্রশিক্ষণার্থীদের আপ্যায়ন খাতে বরাদ্দ বৃদ্ধি করা দরকার। এ প্রেক্ষিতে পূর্বের বরাদ্দকৃত অর্থের অন্ততঃ ২০% বেশী প্রদানের জন্য এবং একই সঙ্গে ই-মিউটেশন সিস্টেম সম্প্রসারণ (মিস কেস, রিভিউকেস, ভূমি উন্নয়ন কর ও সংশ্লিষ্ট অন্যান্য মডিউল) ও রক্ষনাবেক্ষণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়
ও
প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম।

দৃষ্টি আকর্ষণ : জনাব মোহাম্মদ এনামুল হক
ন্যাশনাল কনসালটেন্ট, এটুআই প্রোগ্রাম।

অনুলিপি :

১. চেয়ারম্যান এর একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।


সহকারী ভূমি সংস্কার কমিশনার - ৬
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
ফোন - ৯৫৬১০১৯
ই-মেইল - alrc6@lrb.gov.bd